



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদ্রাসা পরিদর্শন দফতর

www.iau.edu.bd iauins13@gmail.com



বাড়ি নং-১২৪/৯০/০৩ ব্লক-বি, সড়ক নং-০২, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-১২৭/২০১৭/ ১৬৯০১

তারিখ: ০৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বেলঘরিয়াহাট দ্বি-মুখী ফাজিল মাদরাসা, ডাকঘর: বেলঘরিয়াহাট, উপজেলা: বাগমারা, জেলা: রাজশাহী-এর ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৩.০৭.২০২৩ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অনুসৃত অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৬.০৩.২০২৩খ্রি. থেকে ২৫.০৩.২০২৭খ্রি. পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

শর্তসমূহ:

১. মাদরাসার শূন্যপদসমূহ দ্রুত সময়ের মধ্যে নিয়োগ সম্পন্ন করতে হবে।
২. লাইব্রেরীতে বিষয় ভিত্তিক বই সংখ্যা বাড়াতে হবে।
৩. ছাত্র-ছাত্রীদের জন্য কমন রুমের ব্যবস্থা করতে হবে।
৪. শিক্ষক, শিক্ষার্থীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রশিক্ষণ নিশ্চিত করতে হবে।
৫. প্রতিষ্ঠানের মূলফটক ও সকল দাপ্তরিক চিঠিপত্র প্রেরণের ক্ষেত্রে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি সন্নিবেশিত করতে হবে।
৬. ছুটির রেজিস্ট্রার সঠিকভাবে সংরক্ষণ করতে হবে এবং মালামাল সংরক্ষণের জন্য স্টোর এর ব্যবস্থা করতে হবে।
৭. সকল বিল ভাউচারে অধ্যক্ষের স্বাক্ষর ও সীল থাকতে হবে।
৮. ০৩ সদস্য নিয়ে অডিট কমিটি গঠন করতে হবে এবং সকল প্রকার ক্রয়ের পূর্বে বাজেট প্রাক্কলন করে অর্থ কমিটি থেকে অনুমোদন করে গভর্নিং বডির সভায় উপস্থাপন করে ক্রয় কার্য সম্পাদন করতে হবে।
৯. মাসিক খরচের হিসাব প্রতি মাসে বিলের সারণী প্রস্তুত করে গভর্নিং বডির মিটিং-এ উপস্থাপন করে অনুমোদন নিতে হবে।
১০. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

Damd 21.03.2025

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মোবাইল নম্বর- ০১৭১৪ ২০২০৬৬

অধ্যক্ষ

বেলঘরিয়াহাট দ্বি-মুখী ফাজিল মাদরাসা

ডাকঘর: বেলঘরিয়াহাট, উপজেলা: বাগমারা, জেলা: রাজশাহী।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/রা-১২৭/২০১৭/ ১৬৯০১

তারিখ: ০৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২১ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (মাননীয় ভাইস চ্যান্সেলর-এর সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৫. প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব, (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা।
৬. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. সভাপতি, বেলঘরিয়াহাট দ্বি-মুখী ফাজিল মাদরাসা, ডাকঘর: বেলঘরিয়াহাট, উপজেলা: বাগমারা, জেলা: রাজশাহী।
৮. অফিস নথি

Mohd 21/03/2024

(মোঃ জাহান উদ্দিন)

সেকশন অফিসার

মাদ্রাসা পরিদর্শন দফতর

মোবাইল: ০১৭২৪৮০৮৫২৪